The Most Circulated Bengali Newspaper in North America

শুক্রবারের পত্রিকা
উত্তর-আমেরিকায় বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত

# সাপ্তাহিক আজকাল

find us online
www.ajkalusa.com
/weeklyajkal

The Weekly Ajkal | Vol.17, Issue 815 | 26 April 2024 | শুক্রবার ১৩ বৈশাখ ১৪৩১




NY Hosts a Celebration of Bengali Cinema >> Page 24




College protests over Gaza sweep across US >> Page 24



Trump trial ends for the day >> Page 25




Cricketer Mushfiqur out caught >> Page 25



### ইসরাইল বিরোধী বিশাল সমাবেশ, গ্রেফতার ও বহিস্কার শতাধিক

# মার্কিন কলেজ-বিশ্ববিদ্যালয় বিক্ষোভে উত্তাল

আজকাল রিপোর্ট

গাজা যুদ্ধ বিরোধী আন্দোলনে উত্তাল হয়ে উঠেছে যুক্তরাষ্ট্রের বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠান। বিক্ষুব্ধ বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীরা প্রতিবাদ জানাচ্ছে ফিলিস্তিনিদের ওপর ইসরাইলি হামলার। এ বিক্ষোভ ক্রমাগত ছড়িয়ে পড়েছে নিউইয়র্কের কলম্বিয়া বিশ্ববিদ্যালয়, এনওয়াই বিশ্ববিদ্যালয় থেকে শুরু করে দেশের বিভিন্ন অঞ্চলের বিশ্ববিদ্যালয়গুলিতে। এসব বিক্ষোভ সমাবেশ থেকে বহুসংখ্যক শিক্ষার্থীকে গ্রেফতার করা হয়েছে। বিশ্ববিদ্যালয় থেকে বহিস্কার করা হয়েছে আরও অনেককে। এ সংখ্যা শতাধিক হবে বলে প্রচার মাধ্যমে জানান হয়েছে। প্রায় প্রতিদিনের এসব বিক্ষোভ নিয়ন্ত্রণে আনতে কর্তৃপক্ষ হিমশিম খাচ্ছে। ম্যানহাটনের নিউইয়র্ক বিশ্ববিদ্যালয়ে সোমবার রাতে এ ধরনের বিক্ষোভ সমাবেশ ছত্রভঙ্গ করে দেওয়ার চেষ্টা করে পুলিশ। এ সময় বেশ কয়েকজনকে গ্রেফতার করা হয়। একইদিন কনেটিকাটের ইয়েল বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণ থেকে বিক্ষোভরত বহু শিক্ষার্থীকে গ্রেপ্তার করে পুলিশ। এরপর ২৬ পৃষ্ঠায়



গাজায় যুদ্ধ বন্ধের দাবিতে যুক্তরাষ্ট্রের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে ইসরাইল বিরোধী বিক্ষোভ প্রদর্শন করেন শিক্ষার্থীরা। ছবি: সংগৃহীত

## কলাম্বিয়া থেকে বহিষ্কৃত বাংলাদেশি শিক্ষার্থী নূহা



আজকাল রিপোর্ট

নিউইয়র্ক সিটির বিশ্বখ্যাত কলাম্বিয়া বিশ্ববিদ্যালয়ের যে ৮ জন শিক্ষার্থী বহিষ্কার হয়েছেন, বাংলাদেশের মেয়ে মায়মুনা ইসলাম নূহা তাদের একজন। গাজায় যুদ্ধ বন্ধ এবং গণহত্যার প্রতিবাদ করার কারণে তাকে বহিষ্কার করা হয়। নূহার বাড়ি বাংলাদেশের চট্টগ্রাম জেলার সন্দ্বীপ উপজেলায়। ইসরাইলের নির্বিচার গণহত্যার প্রতিবাদে এরপর ২৬ পৃষ্ঠায়

### নিউইয়র্ক সিটিতে নতুন নিয়ম

## সর্বোচ্চ গতিসীমা ২০ মাইল

আজকাল রিপোর্ট



নিউইয়র্ক সিটিতে গাড়ির গতিসীমা প্রতি ঘন্টায় সর্বোচ্চ ২০ মাইল নির্ধারণ করা হচ্ছে। গত ১০ বছর ধরে তা ছিল প্রতি ঘন্টায় ২৫ মাইল। সাবেক মেয়র মাইকেল ব্লুমবার্গের শাসনামলে গাড়ির গতিসীমা ৩০ মাইল থেকে কমিয়ে ২৫ মাইল করা হয়। পথচারি ও সাধারণ মানুষের চলাচল নিরাপদ করা ও দূর্ঘটনা এড়ানোর জন্য গত সোমবার এ সংক্রান্ত একটি বিলে স্বাক্ষর করেছেন গর্ভুর ক্যাথি হোকুল। বিলটি 'স্যামি'স বিল নামে অভিহিত হবে। নিউইয়র্ক সিটিতে গাড়ির গতিসীমা ২০ মাইলে নামিয়ে আনার বিষয়টি কার্যকর করতে বিলটি সিটি কাউন্সিলে পাস করতে হবে। স্বাক্ষর করতে হবে মেয়র এরিক এডামসকে। তবে আলবেনিতে বিলটি স্বাক্ষর হওয়ায় সিটি এটিকে ইতিবাচক হিসেবে দেখছে। নিউইয়র্ক সিটি হল মুখপাত্র লিজ গার্সিয়া বলেছেন, নিরাপদ সড়ক ও জন নিরাপত্তার এরপর ২৬ পৃষ্ঠায়

ফলোআপ

## লক্ষাধিক কবর নিয়ে চালু হলো 'বাংলাদেশ সেমিট্রি'

আজকাল রিপোর্ট

লক্ষাধিক কবর নিয়ে 'বাংলাদেশ সেমিট্রি' চালু ও ফিউনারেল হোম প্রতিষ্ঠার আনুষ্ঠানিক ঘোষণা দিল নোয়াখালী সমিতি। গত বুধবার এক সমাবেশে সমিতির কর্মকর্তারা জানান, আপস্টেট নিউইয়র্কের মিডলটাউনে স্থাপিত হয়েছে এই 'বাংলাদেশ সেমিট্রি ও ফিউনারেল হোম'। পুরো কার্যক্রম শুরু হবে এই সামারেই। ৪০ হাজার কবর এরপর ৩৪ পৃষ্ঠায়

### বাংলাদেশ-চীন সামরিক মহড়া

## যুক্তরাষ্ট্র ও ভারতের অস্বস্তি

মাসুদ করিম, *ঢাকা থেকে*

বাংলাদেশ ও চীনের মধ্যে যৌথ সামরিক মহড়াকে সামনে রেখে যুক্তরাষ্ট্র ও ভারত অস্বস্তিতে পড়েছে। মে মাসের প্রথম সপ্তাহে এই মহড়ায় অংশ নিতে চীনের 'পিপলস লিবারেশন আর্মি'র একটি দল বাংলাদেশ সফরে আসছে। জাতিসংঘের সন্ত্রাসবিরোধী অভিযানের আলোকে এটি একটি প্রশিক্ষণ এরপর ২৬ পৃষ্ঠায়

### বাংলাদেশের মানবাধিকার পরিস্থিতি নিয়ে মার্কিন রিপোর্ট

# আবারও দু'দেশের সম্পর্কে টানাপোড়েন!

ঢাকা অফিস





বাংলাদেশে মানবাধিকার পরিস্থিতির উল্লেখযোগ্য কোনো পরিবর্তন হয়নি। ২০২৩ সালের পরিস্থিতি নিয়ে গত সোমবার যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দপ্তরের প্রকাশিত এ-সংক্রান্ত বার্ষিক প্রতিবেদনে এমন তথ্যই উল্লেখ করা হয়েছে।

মার্কিন প্রতিবেদনে বলা হয়, উল্লেখযোগ্য মানবাধিকার-সংক্রান্ত যেসব বিষয় নিয়ে গ্রহণযোগ্য খবর রয়েছে, সেগুলো হলো–বিচারবহির্ভূত হত্যাকান্ডসহ বিধিবহির্ভূত হত্যা; গুম; নির্যাতন বা নিষ্ঠুরতা, অমানবিক বা মর্যাদাহানিকর আচরণ বা সরকারের তরফে সাজা; কঠোর ও জীবনের জন্য হুমকি এমন কারাগার পরিস্থিতি; নির্বিচার গ্রেপ্তার ও আটক, বিচার বিভাগের স্বাধীনতা নিয়ে গুরুতর সমস্যা, রাজনৈতিক বন্দী বা আটক; ভিনদেশে থাকা নাগরিকদের বিরুদ্ধে নিপীড়ন; মানুষের ব্যক্তিগত গোপনীয়তায় স্বেচ্ছাচারমূলক বা বেআইনি হস্তক্ষেপ; কারও অপরাধের অভিযোগে তাঁর পরিবারের সদস্যদের সাজা দেওয়া; মতপ্রকাশ ও গণমাধ্যমের স্বাধীনতায় গুরুতর বাধা সৃষ্টি, যার মধ্যে রয়েছে সাংবাদিকদের হুমকি-ভয়ভীতি দেখানো, সাংবাদিকদের অন্যায্যভাবে গ্রেপ্তার বা বিচারের এরপর ২৬ পৃষ্ঠায়



### প্রসঙ্গ: বাংলাদেশের উন্নয়ন

## লজ্জায় পাকিস্তানের প্রধানমন্ত্রী

আজকাল ডেস্ক

পাকিস্তানের প্রধানমন্ত্রী শাহবাজ শরিফ বাংলাদেশের অর্থনৈতিক উন্নতির ভূয়সী প্রশংসা করেছেন। একইসঙ্গে তিনি বলেছেন, বাংলাদেশের অর্থনৈতিক এরপর ২৬ পৃষ্ঠায়


MHC MARKS HOME CARE
'মার্কস্ হোম কেয়ার'-এর বিজ্ঞাপন দেখুন ২ ও ৬৩ পৃষ্ঠায়
সঠিক হোম কেয়ারের সেবা পেতে ফোন করুন-718 697 7717

MORTGAGE MORTGAGE MORTGAGE
PURCHASE OR REFINANCE
Call Nasir Today
TO SEE IF YOU CAN GET PRE APPROVED
917-400-5728
Nasiruddin M Laskar
NMLS ID 1312055

এক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ
কন্সট্রাকশন কাজে দুর্ঘটনা, গাড়ী/বিল্ডিং এ দুর্ঘটনা
হাসপাতালে বিকলাঙ্গ শিশুর জন্য, ফেডারেল ডিসএবিলিটি
কোন অগ্রিম ফি নেয়া হয় না
যোগাযোগঃ
917-282-9256
email: moinlaw@gmail.com
বিস্তারিত দেখুন ১১ নম্বর পৃষ্ঠায়
Moin Choudhury
Attorney at Law

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না?
তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
TAX Liens Charge Offs • Inquiries • Collections
Garnishment • Bankruptcy • Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

KARNAFULLY TAX SERVICES INC.
কর্ণফুলী ট্যাক্স সার্ভিসেস
www.karnafullytax.com
ইনকাম ট্যাক্স | কর্পোরেট ট্যাক্স | সেলস ট্যাক্স
পেরোল | বিজনেস সেটআপ
ইমিগ্রেশন | নোটারী পাবলিক
AUTHORIZED IRS e-file PROVIDER
ENROLLED AGENT
Mohammed Hasem, EA, MBA
MBA in Accounting
IRS Enrolled Agent
IRS Certifying Acceptance Agent
PH: 718-205-6040, 718-205-6010
37-20 74th Street, 2nd Floor, Jackson Heights

ইন্স্যুরেন্স! ইন্স্যুরেন্স!!
আমরা ফ্রি কোটেশনের ব্যবস্থা করে থাকি।
সবধরণের গাড়ি, বাড়ি এবং ব্যবসায়িক ইন্স্যুরেন্সসহ
Taxi Limousine Insurance Expert!
212-721-0001
32-47 57TH STREET, WOODSIDE, NY 11377
www.megainsurance.nyc
MEGA insurance BROKERAGE
RAJIB AHMED
President & CEO

BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
১০টি কালার (কালার চিকেন) চিকেন কিনলে ১টি ফ্রি
(অথবা ৩টি রেড হার্ড চিকেন ফ্রি)
৬টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ১টি ফ্রি
এখানে বাংলাদেশের সব ধরণের মাছ পাওয়া যায় ৩টি হার্ড চিকেন $14.99
নিউইয়র্ক শরীয়াহ বোর্ড অনুমোদিত SBNY
37-15 55th St. Woodside
NY-11377. Phone: 718.205.7200
We accept all major credit cards
ফ্রি ডেলিভারী

এসাইলাম সেন্টার/স্টপ ডিপোর্টেশন
আমেরিকায় গ্রীনকার্ড / বৈধতা নিয়ে আতঙ্কবিহীন জীবনযাপনে আমাদের সহায়তা নিন
রাজনৈতিক, ধর্মীয় ও সামাজিক বৈষম্যের প্রেক্ষিতে নিপীড়ন,নাগরিক অথবা মানবধিকার লঙ্ঘণের প্রেক্ষিতে একটি এসাইলাম কেইস হতে পারে আপনার গ্রীনকার্ড (স্থায়ী বাসিন্দা) পাওয়ার সহজতর রাস্তা।
কেন আমাদের কাছে আসবেন
★ আমেরিকায় এসে ইমিগ্রেশন নিয়ে কিছুই করেননি অথবা কিছু করে ব্যর্থ হয়েছেন তারা সত্ত্বর যোগাযোগ করুন।
★ বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)-কে TIER (III) জঙ্গী সংগঠন হিসাবে বিবেচনা করায় তাদের নেতা ও কর্মীদের এসাইলাম কেইসগুলো একটু দুরূহ হলেও আমরা সফলতার সাথে অনেকগুলো মামলায় জয়লাভ করেছি। (বিএনপির সর্বাধিক কেইস আমরাই জয়লাভ করেছি।)
★ ১৯ জন ইউএস "এটর্নী অব ল" শুধুমাত্র ইমিগ্রেশন কেইসগুলোই করেন।
★ আমরা অত্যন্ত সফলতার সাথে অনকগুলো ডিপোর্টেশন কেইস করেছি।
★ ক্রিমিনাল কেইস/ফোরক্লোজার স্টপ/ডিভোর্স/ব্যাঙ্করাপসি/ল-স্যুট ইত্যাদি।
★ দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন আমেরিকা ATTORNEY-দের সাহায্য নিয়ে এই দেশে আপনার ভবিষ্যৎ নিশ্চিত করুন।
কেন আমরা অন্যদের চেয়ে আলাদা
আমেরিকার ৫০টি স্টেটে সফলতার সাথে ইমিগ্রেশন মামলা পরিচালনা করি
লিগ্যাল নেটওয়ার্ক ইন্টারন্যাশনাল, এল এল সি
আপনার আইনী সমস্যা সমাধানে আমরা অদ্বিতীয়
৩৭-৪৮ ৭২ স্ট্রীট, ২য় তলা, জ্যাকসন হাইটস্, নিউইয়র্ক ১১৩৭২
ই-মেইল: legalnetwork.us@gmail.com
ফোন: 917-722-1405 or 718-524-9777
All of our services are provided bz third-party professionals
Visit us : www.legalnetworkusa.com


MHC
Marks Home Care
মার্কস্ হোম কেয়ার
Bronx
1232 Virginia Ave
Bronx, NY 10472
1514 Castle Hill Ave
Bronx, NY 10462
2002 Mcgrow Ave
Bronx, NY 10462
721 E Tremont Ave,
Bronx, NY 10457
Brooklyn
413 Bay Ridge Ave
Brooklyn, NY 11220
219 Church Ave
Brooklyn, NY 11218
1122 Coney Island Ave
Suite 220 (2nd fl.)
Brooklyn, NY 11230
1208 Liberty Ave
Brooklyn, NY 11208
1104 Liberty Ave
Brooklyn, NY 11208
Queens
40-04 Junction Blvd
Corona, NY 11368
37-20 74th Street
Jackson Heights
NY 11372
148-37 Hillside Ave
Jamaica, NY 11435
Hicksville
217 Bethpage road
Hicksville, NY 11801
Buffalo
1049 Broadway St.
Suite # 4
Buffalo, NY 14212
Rochester
504 W Main St
Rochester, NY 14608
প্রশিক্ষণ এবং সার্টিফিকেট ছাড়াই উপার্জনের সুযোগ।
প্রিয়জনের সান্নিধ্যে সর্বোচ্চ স্বাস্থ্যসেবা প্রদান করে প্রতি সপ্তাহে আকর্ষণীয় আয়ের নিশ্চয়তা
আমরা নূতন গ্রাহক এবং এজেন্সী ট্রান্সফার সাদরে গ্রহণ করছি।
We Welcome Agency Transfers and New Clients.
FOLLOW US ON
FOR LATEST EVENTS, PRIZES AND GIVEAWAYS
বিস্তারিত জানতে কল করুন
718-697-7717
E-mail : info@markshhc.com | www.markshhc.com
* শেষ পৃষ্ঠার পূর্বের পৃষ্ঠায় আমাদের আরও বিজ্ঞাপন দেখুন। *

Queens Social Adult Day Care Center Inc

# কুইন্স সোসাল এডাল্ট ডে-কেয়ার সেন্টার ইনক্





Captain Mahfuzul Haque

## ব্যক্তিগত পরিচর্যা

আমাদের প্রাথমিক লক্ষ্য গ্রাহককে সাহায্য করা। আমরা গ্রাহকের ব্যক্তিগত চাহিদা সম্পর্কে পরিপূর্ণ পরিচর্যার পরিকল্পনা তৈরী করি। পরিচর্যা পরিকল্পনাসমূহ হচ্ছেঃ

- নাস্তা ও দুপুরের খাবার পরিবেশন (হালাল)
- ফিল্ডট্রিপস্ (পিকআপ এন্ড ড্রপস্)
- ডায়াবেটিক প্রতিরোধক কার্যক্রম
- নিম্নলিখিত সেবাসমূহে আবেদনে সহায়তা (মেডিকেইড, মেডিকেয়ার, ফুড স্ট্যাম্প, এসএসআই, উইক, অক্ষমতা আয়, চাইল্ড সাপোর্ট, নগদ সহায়তা, ভাড়া, এইচইএপি)
- চুলকাটা ও প্রসাধনী সহায়তা
- ওজু ও নামাজের ব্যবস্থা
- টেলিভিশন, ইন্টারনেট ও কম্পিউটার
- ইংরেজী ও কম্পিউটার ক্লাস
- সংগীত চর্চা ও শোনার ব্যবস্থা

### শিক্ষা কার্যক্রম

- কম্পিউটার ও প্রযুক্তি দক্ষতা প্রশিক্ষণ
- গ্রন্থাগার

### শারিরীক স্বাস্থ্য কার্যক্রম

- ইয়োগা, তাইচি, ব্যয়াম ও জিমের ব্যবস্থা
- ফিজিক্যাল থেরাপী

### মানসিক স্বাস্থ্য পরামর্শ

- রিলাক্সেশন স্কিল ট্রেনিং
- পরামর্শ এবং সহায়তা গ্রুপ
- মানসিক স্ট্রেস ম্যানেজমেন্ট

### বিনোদনমূলক কার্যক্রম

- পিকনিক
- যাদুঘর ভ্রমণ
- সমুদ্র সৈকতে পার্টি
- নৌ-ভ্রমণ ও মৎস শিকার

### আধ্যাত্মিক কার্যক্রম

- শান্ত সময়
- ধ্যান

### অবসর কার্যক্রম

- কেরাম বোর্ড
- লুডু
- দাবা
- ধাঁধা
- অধ্যায়ন

We speak Spanish, Urdu, Hindi & Arabic







আমরা ৭ দিনই খোলা

*For details information please contact*

**ENGINEER MAHFUZUL HAQUE**

*MS in Telecom (Pace University, NY), US Coast Guard Licensed Captain*

**148-41 Hillside Ave, Jamaica, NY 11435**

718-647-4444, 646-591-6782 | info@qsadcc.com | www.qsadcc.com

1217 Liberty Avenue, Brooklyn, NY 11208

MortgageDepot™ Team Bailey

Presents

# USBCCI REAL ESTATE EXPO 2024

## উপস্থিতির জন্য থাকছে যেসব সুবিধা

- ইউএসবিসিসিআই রিয়েল এস্টেটএক্সপো আয়োজন করছে ইউএসবিসিসিআই। এক্সিবিটর, রিয়েলটর এবং ক্রেতাদের জন্য এটি একটি দারুন সুযোগ।
- একটি বাড়ীর কেনার জন্য সব ধরনের সুযোগ থাকছে এই এক্সপোতে।
- লোন প্রয়োজন হলে মর্টগেজ থেকে শুরু করে আইনি পরামর্শের জন্য অ্যাটর্নি, টাক্স ফাইলিং সহযোগীতার জন্য থাকছেন অভিজ্ঞ সিপিএ।
- ১ পার্সেন্ট ডাউন পেমেন্টে বাড়ী কেনার দারুন সুযোগ থাকছে ইউএসবিসিসিসাই রিয়েল এস্টেট এক্সপোতে। সাথে থাকছে নিউইয়র্ক স্টেটের গ্রান্ট ১০ হাজার থেকে ১ লাখ ডলার পর্যন্ত। ইসলামী শরীয়া অনুযায়ী বাড়ী কেনার অনন্য সুযোগ থাকছে এক্সপোতে।

ফ্রি টিকিটের জন্য স্ক্যান করুন

নিউইয়র্ক
লাগার্ডিয়া ম্যারিয়ট হোটেলে

শনিবার
১৮ মে, ২০২৪ সকাল১০:০০ থেকে সন্ধ্যা ৬:০০ পর্যন্ত

## অনুষ্ঠানে যা থাকছে

৫০+ টি স্টল

৬ +প্যানেল আলোচনা

১০০০+অংশগ্রহণকারী

এক্সপোতে ক্রেতাদের জন্য ফ্রি লোন প্রি-এপ্রুভালের সুযোগ থাকছে.

Visit Us

www.usbccirealestateexpo.org

Sponsored

PLATINUM | GOLD | SILVER | CORPORATE

রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট

CARBON TEAM CROSSCOUNTRY MORTGAGE™

SMA LAW OFFICE OF SARDAR M. ASADULLAH PLLC

MEADOWBROOK FINANCIAL MORTGAGE BANKERS CORP.

Nacmias Law Firm

Citywide Insurance Agency

Organized by :

USBCCI U.S. Bangladesh Chamber of Commerce & Industry

VENUE : MARRIOTT NEW YORK LAGUARDIA AIRPORT

In Collaboration With : BROOKLYN CHAMBER OF COMMERCE, Queens Chamber of Commerce

Technology Partner: USBD DIGITAL SOLUTIONS

# বিরাট মূল্যহ্রাস

# BISMILLAH

## HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET

১০টি কালার রেড/ব্লাক চিকেন কিনলে ২টি কালার চিকেন ফ্রি অথবা ৩টি রেড হার্ড চিকেন ফ্রি

৩টি রেড হার্ড চিকেন $17.99 ৬টি রেড/ব্লাক চিকেন কিনলে ১টি রেড হার্ড চিকেন ফ্রি

আরো রয়েছে কোয়েল, কবুতর, তিতি মুরগী, বালিহাঁস, রেগুলার হাঁস, চাকার পাখি, রাতা মোরগ, কোয়েল ডিম, হাঁসের ডিম, মুরগীর ডিম, অর্গানিক ডিম


স্পেশাল সেল

৩টি রেড হার্ড চিকেন $17.99

Approved by SBNY Shariah Board New York

HALAL MONITORING SERVICES HMS CERTIFIED HAND ZABIHA ™

শরীয়াহ বোর্ড কর্তৃক একমাত্র অনুমোদিত হালাল পোলট্রি মার্কেট



আমাদের রয়েছে শরীয়াবোর্ড অনুমোদিত প্রতিদিন জবেহকৃত গোট ও বিফ

এছাড়াও এখানে পাবেন সকল ধরণের বাংলাদেশ থেকে আমদানিকৃত মাছ

ইলিশ, রুই, কাতল, মৃঘেল, কোরাল, গলদা চিংড়ী, কই, বাইলা, মলা, কাচঁকিসহ বিভিন্ন ধরণের মাছ



প্রতিদিন স্পেশাল : বিফ উইথ বোর্ন $3.99

অল হোয়াইট চিকেন $2.99

Scan Here to Shop & Get Free Delivery

শুধুমাত্র সীমিত সময়ের জন্য



ফ্রি ডেলিভারী মিনিমাম ৫০ ডলার

EBT & Foodstamp

MasterCard VISA AMERICAN EXPRESS DISCOVER

Open 7 Days: 8:00am to 7:00pm

Direction: R, Q, V train to Northern Blvd

37-15, 55th Street, Woodside, NY 11377 (Bet. 37&38 Ave)

718.205-7200 | 718.205.8262

বিসমিল্লাহির রহমানির রহিম

বাংলাদেশ জিন্দাবাদ



# ঈদ পুনর্মিলনী অনুষ্ঠান

২৮শে এপ্রিল ২০২৪
রোজ রবিবার, সন্ধ্যা ৭টা

স্থান সেইফ মহল
37-19 73rd Street, Jackson Heights, NY
(মান্নান সুপার মার্কেটের ২য় তলা)

## প্রধান অতিথি

**বেবী নাজনীন**, সহ আন্তর্জাতিক সম্পাদক, বিএনপি কেন্দ্রীয় কমিটি

## গেস্ট অব অনার

**গিয়াস আহমেদ**
নির্বাহী সদস্য, বিএনপি কেন্দ্রীয় কমিটি

**হেলাল খান**
আহবায়ক, জাসাস কেন্দ্রীয় কমিটি
নির্বাহী সদস্য, বিএনপি কেন্দ্রীয় কমিটি

আপনারা সকলে আমন্ত্রিত

**জিল্লুর রহমান জিল্লু**
নির্বাহী সদস্য, বিএনপি কেন্দ্রীয় কমিটি

**রিতা রহমান**
নির্বাহী সদস্য, বিএনপি কেন্দ্রীয় কমিটি ও বিশিষ্ট লেখিকা

মুক্তিযোদ্ধা অতিথিঃ আলহাজ্ব বাবর উদ্দিন, মোহাম্মদ সুরুজ্জামান, মোহাম্মদ সেলিম, মশিউর রহমান, খন্দকার ফরহাদ

অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বিএনপি, অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতৃবৃন্দ

## আমন্ত্রণে

**আলহাজ্ব সোলায়মান ভূইয়া**
আহ্বায়ক, ৯১৭-৪১৬-৫৯৩৯

**জসিম উদ্দিন ভূইয়া**
যুগ্ম আহ্বায়ক, ৩৪৭-৩৯৩-০৪৭৯

**মোঃ গিয়াস উদ্দিন**
সদস্য সচিব, ৯১৭-৪৫৬-২৯১২

**মাযহারুল ইসলাম মিরন**
যুগ্ম সদস্য সচিব, ৫৮৫-৭০৮-৬০২২

সার্বিক সহযোগিতায়:

কাজী শাখাওয়াত হোসেন আজম, মোশাররফ হোসেন সবুজ, ফিরোজ আহমেদ, এম বাসেত রহমান, শাহ আলম, সৈয়দ এ আর ফারুক, নিয়াজ আহমেদ জুয়েল, জাহাঙ্গীর হোসেন, এবাদ চৌধুরী, রফিকুল মাওলা, মৃধা মোঃ জসিম, জাকির হাওলাদার, আলহাজ্ব শহিদুল শিকদার, রিয়াজ আহমেদ, জীবন সফিক, আজিজুল বারী তিতাস, রাশেদ আল জুনায়েদ জাফরী, শাহাদাত হোসেন রাজু, মোঃ ওমর ফারুক, সালেহ আহমেদ মানিক, সৈয়দ এম রেজা, বেলাল চৌধুরী, প্রফেসর আজাদ, মাসুদ হোসেন, মোঃ আহসান উল্লাহ বাচ্চু, শরিফুল খালিশদার, আশরাফুল হাসান, আসাদ মুরাদ তালুকদার, আরিফ আহমেদ চৌধুরী, মুজিবুর রহমান স্বপন, জিয়াউর রহমান মিলন, মোহাম্মদ লিটন, কাজী মনির হোসেন, নাজমুল হোসাইন, সিরাজুল ইসলাস, সানাউদ্দিন রুবেল, মোজাম্মেল হোসেন সোহাগ, হুমায়ুন কবির, শামীম মিয়া, এস মিয়া তৌহিদ, তানভীর করিম, বাবুল দেওয়ান, মনিরুল ইসলাম মনির, আবুল কাশেম, আশরাফুল জামান আশরাফ, রাফেল তালুকদার, এড. বদরুল হায়দার, ওবায়দুল রহমান রেজা, আরিফুর রহমান, আলম মন্ডল, রকিব উদ্দিন দুলাল, কামরুজ্জামান লাভলু, আরিফুল নয়ন, কুতুবুদ্দিন, মোয়াজ্জেম হোসেন, মোহাম্মদ আলী, বীর মুক্তিযোদ্ধা ওয়াহেদ আলী মন্ডল, সাইফুল ইসলাম, রেজুয়ানা রাজ্জাক সেতু, হামিদুল্লাহ রকি, বিপ্লব হোসেন, শেখ সিদ্দিক, সাইফ উদ্দিন আহমেদ রিপন প্রমুখ।

আয়োজনে: **বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি), যুক্তরাষ্ট্র**

# বিত্তের সন্ধানে মগ্ন থেকে চিত্তের উৎকর্ষ হচ্ছে না


> নিয়মানুযায়ী পাঠাগারগুলোকে অনুদানের ৫০ শতাংশ টাকায় বই কিনতে হয়, বাকি ৫০ শতাংশ টাকা তারা পাঠাগারের উন্নয়নের জন্য ব্যয় করে থাকেন। বর্তমান বাজার দরের পরিপ্রেক্ষিতে এবং সাধারণভাবেও বলা যায়, পাঠাগারগুলোর জন্য সরকারের বরাদ্দ খুবই অপ্রতুল। বই পড়ার অভ্যাস ও আকর্ষণ বাড়াতে পারলে আমরা অনেক বিপত্তি থেকে মুক্ত থাকতে পারতাম। বিশেষ করে আজকের দিনে কিশোর ও তরুণদের মধ্যে যেভাবে মাদকাসক্তি ও কিশোর গ্যাং তৈরি করার আত্মঘাতী প্রবণতা তীব্র থেকে তীব্রতর হচ্ছে, তাতে বই পড়ার আন্দোলন সমাজে সুস্থ পরিবেশের নিশ্চয়তা দিতে পারত। জাতিকে নোংরা বৃত্তের সন্ধানে লিপ্ত রাখার অনেক অবকাশই সৃষ্টি করা হচ্ছে, কিন্তু চিত্তের উৎকর্ষ বিধানে তেমন মনোযোগ দেখা যায় না। হতাশবোধ করার এটি একটি বড় কারণ

ড. মাহবুব উল্লাহ্



এখন জাতিসংঘ এবং জাতিসংঘসংশ্লিষ্ট বিভিন্ন প্রতিষ্ঠানের উদ্যোগে নানা বিষয়ে দিবস পালিত হয়। মনে হচ্ছে, বছরের ৩৬৫ দিনের তুলনায় দিবসের সংখ্যা কিছু বেশিই হবে। এসব দিবসের মধ্যে কিছু কিছু আছে, যে দিবসগুলো রাষ্ট্রীয় উদ্যোগে নানা অনুষ্ঠানাদির মাধ্যমে পালিত হয়। তবে বেশ কিছু দিবস আছে, যেগুলো সম্পর্কে আমরা সামাজিক গণমাধ্যম থেকে জানতে পারি। যেসব দিবস ব্যক্তি পরিবার ও সামাজিক জীবনের ক্ষেত্রে তাৎপর্যময়, সেসব দিবস নিয়ে নানামুখী চিন্তাভাবনা সামাজিক গণমাধ্যমে প্রতিফলিত হতে দেখি।

২৩ এপ্রিল ছিল বিশ্ব বই ও কপিরাইট দিবস। এ দিবসটি উপলক্ষ্যে আমাদের দেশে কেউ কেউ বা কোনো কোনো গণমাধ্যম সময় উপযোগী চিন্তাভাবনার প্রতিফলন ঘটিয়েছে। বই সম্পর্কে বাংলাদেশের এক মনীষী বলেছেন, 'বই কিনে কেউ দেউলিয়া হয় না'। ড. মুহম্মদ শহীদুল্লাহ জীবনের শেষ প্রান্তে এসে আল্লাহর কাছে প্রার্থনা করেছেন, হে প্রভু আমার হায়াত আরও কটা দিন বাড়িয়ে দাও, যাতে আমি আরও বই পড়তে পারি। জানি না, দেশে এখন এমন কোনো মনীষী আছেন কিনা, যিনি ড. মুহম্মদ শহীদুল্লাহর মতো আরও অধিক বই পড়ার জন্য আয়ু বাড়িয়ে দিতে সৃষ্টিকর্তার কাছে প্রার্থনা করেন। পৃথিবীর নামকরা সভ্যতাসমূহে গ্রন্থপাঠের বিশাল চর্চা হতো। মিসরীয় সভ্যতার অন্যতম অবদান আলেকজান্ড্রিয়ার গ্রন্থাগার। বাগদাদে বাইতুল হিকমায় জ্ঞানী-গুণীরা বই পড়তেন, জ্ঞানের নানা শাখার ওপর আলাপ-আলোচনা করতেন এবং জ্ঞানের নতুন নতুন দ্বার উন্মোচন করতেন। চৈনিক সভ্যতায়ও অনেক প্রাচীন গ্রন্থের নিদর্শন পাওয়া যায়। চীনের দার্শনিকরা ভবিষ্যৎ প্রজন্মের জন্য অনেক প্রয়োজনীয় গ্রন্থ রচনা করেছেন। গ্রিসেও জ্ঞানচর্চার সমৃদ্ধ ঐতিহ্য গড়ে উঠেছিল এবং দর্শন ও বিজ্ঞানের ক্ষেত্রে অনেক গ্রন্থ রচনা করেছিলেন গ্রিক পণ্ডিতরা। দেখা যায়, যেসব জাতি সভ্যতার উচ্চ শিখরে পৌঁছেছিল তারা পাঠাভ্যাসকে যথেষ্ট গুরুত্ব দিত। বই না পড়ে, জ্ঞানচর্চা না করে কোনো জাতি সভ্যতার উচ্চ শিখরে আরোহণ করতে পারে না। এখনো আমরা দেখতে পাই, পৃথিবীর উন্নত রাষ্ট্রগুলো গ্রন্থ মজুতের দিক থেকে ঈর্ষণীয় অবস্থায় রয়েছে। মার্কিন যুক্তরাষ্ট্রে লাইব্রেরি অব কংগ্রেস, ব্রিটেনে ব্রিটিশ মিউজিয়াম লাইব্রেরি ও ইন্ডিয়া অফিস লাইব্রেরি এবং ফ্রান্সে বিবিলিওথেক লাইব্রেরি কত সমৃদ্ধ, তা আমাদের কল্পনারও অতীত। রাশিয়াতে একই ধরনের সমৃদ্ধ গ্রন্থাগার রয়েছে। কিছু গ্রন্থাগার নিছকই গ্রন্থাগার। আবার কিছু গ্রন্থাগার বিশ্ববিদ্যালয়, গবেষণা প্রতিষ্ঠান ও শিক্ষা প্রতিষ্ঠানকেন্দ্রিক। বাংলাদেশের গ্রন্থাগারগুলো, বিশেষ করে কেন্দ্রীয় গণগ্রন্থাগার বইয়ের মজুতের দিক থেকে মোটেও সমৃদ্ধ নয়। ঢাকায় জাতীয় গণ-গ্রন্থাগারে বইয়ের মজুত ২ লাখ ৭০ হাজার। এর পাশাপাশি নিয়মিত ১৩টি পত্রিকা ও কিছু বিদেশি সাময়িকী এ গ্রন্থাগারে রাখা হয়।




সংস্কৃতিবিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে গণগ্রন্থাগার অধিদপ্তরের বাস্তবায়নাধীন গণগ্রন্থাগার অধিদপ্তরের বহুতল ভবন নির্মাণ প্রকল্পের কাজ পর্যায়ক্রম চালু রয়েছে। নির্মাণ কাজ চলমান থাকতে ২০২২ সালের ১৩ এপ্রিল সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগারের কার্যক্রম সাময়িকভাবে শাহবাগ থেকে রমনার ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন ভবনে স্থানান্তর করা হয়। অবস্থানগত কারণে পাঠক উপস্থিতিতে ভাটা পড়েছে। যদিও একটা সময় জাতীয় গণগ্রন্থাগারে বেশ ভালো উপস্থিতি ছিল। তবে উপস্থিতি থাকলেও সে সময়ও চাকরিপ্রত্যাশীদের উপস্থিতিই ছিল বেশি। এ কথা জানা গেছে জাতীয় গণগ্রন্থাগারের কর্মরত ব্যক্তি ও বর্তমান পাঠকদের কাছ থেকে। এ তথ্যগুলো পাওয়া গেছে ২৩ এপ্রিল ২০২৪-এর দৈনিক খবরের কাগজ থেকে। পাঠাগারে পাঠকরা কী ধরনের বই পড়ছেন তা থেকে বোঝা যায় পাঠকরা কতটা জ্ঞানসমৃদ্ধ হচ্ছেন। এখন ঢাকা বিশ্ববিদ্যালয় গ্রন্থাগার ও জাতীয় গণগ্রন্থাগার যারা ব্যবহার করেন, তাদের বেশির ভাগই চাকরির পরীক্ষা, বিশেষ করে বিসিএস পরীক্ষার গাইড বুক পড়ার জন্য ব্যবহার করেন। চাকরির প্রতিযোগিতামূলক পরীক্ষার জন্য প্রস্তুতিমূলক পড়াশোনা করা দোষের কিছু নয়। তবে এটাই যদি বেশিরভাগ পাঠকের চর্চা হয়, তাহলে প্রমাদ গুনতে হবে। রেফারেন্স বইতে আগ্রহ হারিয়ে ফেলা জাতির জন্য অশনিসংকেত! যান্ত্রিকভাবে গাইড বই পড়ে চাকরির পরীক্ষার বৈতরণী পার হওয়ার মধ্যে আশু সুবিধা অর্জনের লক্ষ্য ক্রিয়াশীল থাকলেও এ দিয়ে সুদূরপ্রসারী মহৎ কোনো লক্ষ্য অর্জন সম্ভব নয়। পাকিস্তান আমলে দেখেছি, যারা সিএসএস পরীক্ষা দিতেন তারা অনেক মৌলিক রেফারেন্স গ্রন্থ পাঠ করে পরীক্ষার জন্য প্রস্তুতি নিতেন। সাধারণ জ্ঞানের জন্য এসব পরীক্ষার্থী রীতিমতো পিয়ার্স অ্যান্ড সাইক্লোপেডিয়া মুখস্থ করতেন। গভীর মনোনিবেশসহকারে পাঠ করেও অনেকে পরীক্ষায় পাশ করতে পারেননি। আমাদের ধারণা আমলারা জ্ঞান-চর্চায় মনোযোগী নন। সব আমলার ব্যাপারে একথা বলা যায় না। প্রয়াত ড. আকবর আলি খান ডজনখানেক গবেষণাধর্মী গ্রন্থ রচনা করে প্রমাণ করেছেন আমলাতন্ত্রের উচ্চপদে থাকার ব্যস্ততা সত্ত্বেও তিনি পড়াশোনার সঙ্গে সম্পর্কহীন ছিলেন না। আরও কয়েকজন আমলা সাম্প্রতিক বছরগুলোয় আকবর আলি খানের সমপর্যায়ের না হলেও কিছু কিছু মৌলিক গ্রন্থ রচনা করে তাদের প্রতিভা ও একাগ্রতার স্বাক্ষর রেখেছেন। ভারতবর্ষে ব্রিটিশ শাসনামলে ইংরেজ আমলারা মূল্যবান অনেক এরপর ২০ পৃষ্ঠায়

# সুনীল অর্থনীতির কর্মকৌশল বাস্তবায়ন জরুরি

পৃথিবী নামক এই গ্রহে জনবহুল ক্ষুদ্র আয়তনের ব-দ্বীপখ্যাত নদীমাতৃক আমাদের প্রিয় মাতৃভূমি। এর একদিকে রয়েছে সুজলা-সুফলা উর্বর ভূমির সমারোহ; অন্যদিকে বহু নদী বা সমুদ্রের বিশাল জলতরঙ্গের কলতান। স্রষ্টার অপার কৃপায় অফুরন্ত প্রাকৃতিক সম্পদে ভরপুর হয়েও এদেশ বরাবরই ছিল অনগ্রসর জনপদ। কথিত প্রাগ্রসর ঔপনিবেশিক শক্তির শাসন-শোষণ-কূটচাল-নিপীড়ন-নির্যাতনের ফলে এখানে শুধু অনুন্নয়নের 'উন্নয়ন' হয়েছে। জাতির পিতা বঙ্গবন্ধুর নেতৃত্বে স্বাধীন রাষ্ট্র অর্জনের পর অব্যাহত উন্নয়ন-উদ্যোগ বর্তমান পর্যায়ে দেশকে পৌঁছে দিয়েছে। স্বাধীনতার অব্যবহিত পর বঙ্গবন্ধু অর্থনৈতিক মুক্তির জন্য জাতিকে ঐক্যবদ্ধভাবে কঠিন সংগ্রামে ব্রতী করেছিলেন। সংবিধানের ১৪৩(১)(খ) অনুচ্ছেদেও বাংলাদেশের রাষ্ট্রীয় জলসীমার অন্তর্ভুক্ত মহাসাগর ও মহিসোপানের খনিজসম্পদের ওপর মালিকানা প্রতিষ্ঠার কথা বলা হয়েছে। দেশের সমুদ্র ও সমুদ্রসীমা রক্ষার্থে ১৯৭৪ সালে প্রণয়ন করেন 'দ্য টেরিটোরিয়াল ওয়াটার্স অ্যান্ড মেরিটাইম জোন্স অ্যাক্ট'। মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে বর্তমান সরকারের মেয়াদকালে আইনি প্রক্রিয়ায় সমুদ্র বিজয়ের গৌরব অর্জন করেছে দেশ। মূল ভূখণ্ডের প্রায় ৮২ শতাংশের সমান ১ লাখ ১৮ হাজার ৮১৩ বর্গকিলোমিটারেরও বেশি এলাকায় প্রতিষ্ঠিত হয়েছে দেশের সার্বভৌমত্ব। উন্নত-উন্নয়নশীল বিশ্বে এ ধরনের সামুদ্রিক এলাকার সার্বিক উন্নয়ন অর্থনীতির চাকাকে সচল করে চলছে।

সুনীল অর্থনীতি প্রত্যয়টি বিশ্বব্যাপী বহুল পরিচিত। বেলজিয়ামের অর্থনীতিবিদ গুন্টার পাওলি ১৯৯৪ সালে ব্লু ইকোনমি বা সুনীল অর্থনীতির ধারণা ব্যক্ত করেন। মূলত সুনীল অর্থনীতি হলো সমুদ্রনির্ভর অর্থনীতি। সমুদ্র থেকে আহরণকৃত সম্পদ দেশের অর্থনীতিতে যুক্ত হলে তা সুনীল অর্থনীতি হিসাবে বিবেচিত হয়। সহজ কথায়, সমুদ্রসম্পদ আহরণ ও ব্যবহারে সুপরিকল্পনা সুনীল অর্থনীতির মৌলিক উদ্দেশ্য। আমাদের সবার জানা, চলমান বৈশ্বিক মন্দায় বাংলাদেশও বিপর্যস্ত। প্রাত্যহিক জীবনযাপনে সাধারণ নাগরিকদের দুর্ভোগ পোহাতে হচ্ছে। এ পরিপ্রেক্ষিতে সুনীল অর্থনীতির অপার সম্ভাবনার হাতছানি দেশবাসীকে করছে উদ্বেলিত। এ সম্পর্কিত কথাবার্তা বা আলোচনায় নানা ধরনের ইতিবাচক চিন্তাভাবনা শোনা যাচ্ছে দীর্ঘদিন ধরে। তবে বাস্তবে এর কতটুকু অর্জিত হয়েছে তা বোধগম্য নয়। এ সম্পর্কে দেশবাসীও সম্যক অবগত বলে মনে হয় না। জ্বালানি তেল-গ্যাস ও অন্যান্য সমুদ্রসম্পদ আহরণে পর্যাপ্ত গবেষণা হয়ে থাকে। কিন্তু এসব গবেষণার ফলাফল নিয়ে আগ্রহ বেড়েছে। সুনীল অর্থনীতির প্রতি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অধিক মনোযোগ কাম্য।

বিভিন্ন গবেষণায় প্রতিফলিত হয়েছে, বঙ্গোপসাগরে বাংলাদেশের সমুদ্রসীমায় রয়েছে চারটি মৎস্যক্ষেত্র। সেখানে ৪৪০ প্রজাতির সামুদ্রিক মাছ, ৩৩৬ প্রজাতির শামুক-ঝিনুক, ৭ প্রজাতির কচ্ছপ, ৫ প্রজাতির লবস্টার, ৩৬ প্রজাতির চিংড়ি, ৩ প্রজাতির তিমি, ১০ প্রজাতির ডলফিন এবং প্রায় ২০০ প্রজাতির সামুদ্রিক ঘাস রয়েছে।

ড. ইফতেখার উদ্দিন চৌধুরী



আরও রয়েছে ইসপিরুলিনা নামক সবচেয়ে মূল্যবান আগাছা। অপ্রাণিজ সম্পদের মধ্যে রয়েছে খনিজ ও খনিজজাতীয় সম্পদ যেমন-তেল, গ্যাস, চুনাপাথর ইত্যাদি। এ ছাড়া ১৭ ধরনের মূল্যবান খনিজ বালি। যেমন-জিরকন, রুটাইল, সিলিমানাইট, ইলমেনাইট, ম্যাগনেটাইট, গ্যারনেট, কায়ানাইট, মোনাজাইট, লিকোক্সিন ইত্যাদি। এগুলোর মধ্যে মোনাজাইট অত্যন্ত গুরুত্বপূর্ণ। সমুদ্রসৈকতের বালিতে মোট খনিজের মজুত ৪৪ লাখ টন। প্রকৃত সমৃদ্ধ খনিজের পরিমাণ প্রায় ১৭ লাখ ৫০ হাজার টন, যা বঙ্গোপসাগরের ১৩টি স্থানে পাওয়া গেছে। গবেষকরা বাংলাদেশের একান্ত অর্থনৈতিক এলাকায় মেরিন জেনেটিক রিসোর্সের অবস্থান এবং বিবিধ প্রজাতি চিহ্নিত করে অর্থনৈতিক সম্ভাবনা বিশ্লেষণ করেছেন। বাংলাদেশের কিছু প্রজাতির সি-উইডে প্রচুর প্রোটিন আছে, যা ফিশফিড হিসাবে আমদানি করা ফিশ অয়েলের বিকল্প হতে পারে। আবার কিছু প্রজাতি অ্যানিমেল ফিডের মান বৃদ্ধিতে ব্যবহৃত হতে পারে। কসমেটিকে ব্যাপকভাবে ব্যবহৃত উপাদান সদৃশ সি-উইডও অনেক পাওয়া গেছে।

বৈশ্বিক অর্থনীতিতে সুনীল অর্থনীতির নানামাত্রিক অবদান অনস্বীকার্য। বর্তমানে বৈশ্বিক অর্থনীতির প্রায় পাঁচ ট্রিলিয়ন মার্কিন ডলারের কর্মকাণ্ড হচ্ছে সমুদ্রকে ঘিরে। গণমাধ্যমে প্রকাশিত বিভিন্ন সংবাদ পর্যালোচনায় দেখা যায়, বিশ্বের ৪৩০ কোটিরও বেশি মানুষের ১৫ শতাংশ প্রোটিনের জোগান দিচ্ছে সামুদ্রিক মাছ, উদ্ভিদ ও জীবজন্তু। পৃথিবীর ৩০ শতাংশ গ্যাস ও জ্বালানি তেল সরবরাহ হচ্ছে সমুদ্রতলের বিভিন্ন গ্যাস ও তেলক্ষেত্র থেকে। ইন্দোনেশিয়ার জাতীয় অর্থনীতির সিংহভাগ সমুদ্রনির্ভর। দ্য জাকার্তা পোস্টে প্রকাশ পাওয়া নিবন্ধের তথ্যমতে, দ্য লমবক ব্লু ইকোনমি বাস্তবায়ন কর্মসূচিতে ৭৭ হাজার ৭০০ নতুন কর্মসংস্থান তৈরির সম্ভাবনা প্রবল। পাশাপাশি প্রতিবছর আয় হবে ১১৪ দশমিক ৮৮ মিলিয়ন মার্কিন ডলার। যুক্তরাষ্ট্র ১৯৭৪ সালে তাদের মোট দেশজ উৎপাদনে সুনীল অর্থনীতির অবদান পরিমাপের চেষ্টা চালায়। ২০১৩ সালে দেশটির অর্থনীতিতে সমুদ্র অর্থনীতির অবদান ছিল ৩৫৯ বিলিয়ন মার্কিন ডলার, যা তাদের মোট জিডিপির ২ শতাংশ। অস্ট্রেলিয়া সমুদ্রসম্পদ থেকে বর্তমানে প্রায় ৪৭ দশমিক ২ বিলিয়ন মার্কিন ডলার আয় করছে। ২০২৫ সালে অস্ট্রেলিয়া এ খাত থেকে ১০০ বিলিয়ন ডলার আয় করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছে। ইতোমধ্যে চীনের অর্থনীতিতে ১ দশমিক ২ ট্রিলিয়ন মার্কিন ডলারের সামুদ্রিক শিল্প গড়ে এরপর ৪৬ পৃষ্ঠায়



> গত ২২ ফেব্রুয়ারি 'দ্য টেরিটোরিয়াল ওয়াটার্স অ্যান্ড মেরিটাইম জোন্স অ্যাক্ট-১৯৭৪'র সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী বলেছেন, 'বাংলাদেশের বিশাল সমুদ্রসীমার সম্পদ ব্যবহার করে দেশের মানুষের আর্থ-সামাজিক অবস্থার উন্নতি করাই সরকারের লক্ষ্য। আমি নিশ্চিত, সুনীল অর্থনীতি বিকাশের লক্ষ্যে আমরা যেসব বহুমুখী উদ্যোগ ও পরিকল্পনা গ্রহণ করেছি, তার অবারিত সুফল ভোগ করবে বর্তমান ও ভবিষ্যৎ প্রজন্ম।' সবকিছু বিবেচনা করে সময়ক্ষেপণ না করে সমুদ্রসম্পদ আহরণে পরিকল্পিত কর্মকৌশল কার্যকর করতে আন্তরিক উদ্যোগ জরুরি। সুনীল অর্থনীতির সুফল ভোগের জন্য দেশবাসীর আগ্রহ ও আকাঙ্ক্ষা বিপুল

# বাংলা ট্রাভেলস ওমরাহ হজ্ব কাফেলা



## ওমরাহ প্যাকেজ

আমরা IATA অনুমোদিত | আমরা ARC অনুমোদিত






পবিত্র মক্কায় তাওয়াফ করার পূর্ব মুহুর্তে



পবিত্র মক্কায় তাওয়াফরত অবস্থায়

## দেশে যাওয়ার পথে কম খরচে ওমরাহ করে যেতে পারেন

### সামার সেল চলছে

বাংলাদেশ থেকে আসার টিকেট কম দামে আমাদের কাছেই পাবেন




DELTA AIR LINES · American Airlines · Biman Bangladesh Airlines · Kuwait Airways · Etihad Airways · Emirates · Qatar Airways

**প্যাকেজ বিবরণ**

- বিমান ভাড়া ও হোটেল।
- ভিসা, মোয়াল্লেম।
- জেদ্দা এয়ারপোর্ট থেকে পিকআপ এবং ড্রপ।
- মক্কা ও মদিনায় জিয়ারা।
- মক্কা ও মদিনায় যাতায়াত।
- ৫/৩ ষ্টার হোটেল।

★ আমরা ১০ মিনিটে সৌদি ভিসা প্রসেস করি

★ ১২ ঘন্টায় ওমরাহ ভিসা প্রসেস করি

আমাদের কাছে পাবেন গ্রুপ ওমরাহ প্যাকেজ, একক ওমরাহ প্যাকেজ ও কাষ্টম প্যাকেজ



Mohammad B Hossain (Belal)
President & CEO

### বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট

# BANGLA TRAVELS
## JACKSON HEIGHTS NEW YORK

আমরা বিভিন্ন এয়ার লাইন্সের স্টক হোল্ডার

**7305 37th Road, Jackson Heights, NY 11372**
(কাবাব কিং এর পার্শ্বে, ডাইভারসিটি প্লাজায়)

**Phone: 917-396-4140, 917-592-7828**

Price Can Be Change Anytime. digitalonetravel@gmail.com www.digitalonetravel.com OPEN 7 DAYS: 10AM -10PM *Terms & Condition may apply. See store for details.

# কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র সুপ্রিম কোর্টের এটর্নী এট ল’



## এটর্নী মঈন চৌধুরী

## Moin Choudhury, Esq.

Hon. Democratic District Leader at Large, Queens, NY

মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।

সাবেক ট্রাষ্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইন্‌ক.

**917-282-9256**

**Moin Choudhury, Esq**

**Email: moinlaw@gmail.com**

Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



Timothy Bompart
Attorney at Law

## এক্সিডেন্ট কেইসেস

বিনামূল্যে পরামর্শ
কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
গাড়ী/ বিল্ডিং এ দূর্ঘটনা/ হাসপাতালে
বিকলাঙ্গ শিশুর জন্ম
ফেডারেল ডিজএবিলিটি
(কোন অগ্রিম ফি নেয়া হয় না)
**Immigration**



Moin Choudhury
Attorney at Law

(To Schedule Appointment Only)

**Call:917-282-9256**

E-mail: moinlaw@gmail.com

Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372
Manhattan Office By Appointment Only.
Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.

দীর্ঘ দেড় যুগের বেশী
আপনাদের সেবায় নিয়োজিত




KARNAFULLY
TRAVEL INC.
(Approved Travel Agent)

IATA arc
Approved

# কর্ণফুলি ট্রাভেল

আই এন সি.

**Airlines Partners : ALL MAJOR AIRLINES Including Local Domestic Tickets**

## সৌদি হজ্ব মন্ত্রণালয় অনুমোদিত
## উমরাহ্ ট্রাভেল এজেন্ট

## প্যাকেজঃ হজ্ব ভিসা ও উমরাহ্ ভিসা

### আমাদের সুবিধা

নিজস্ব অফিস থেকে সরাসরি ARC এর মাধ্যমে যেকোন এয়ারলাইন্স এর টিকেট ইস্যু করে থাকি। অফিস সপ্তাহে ৭ দিন খোলা সকাল ১০:০০টা - রাত ১০:০০টা। তুলনামুলকভাবে বছরের যেকোনো সময় অত্যন্ত কমমূল্যে টিকেট প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করা হয়।

উমরাহ ভিসা আমাদের অফিস থেকে সরাসরি প্রসেস করা হয়। নিজস্ব হোটেলের মাধ্যমে প্রতি বছর দুই থেকে আড়াই হাজার ওমরা হাজীদের যাবতীয় সেবা দিয়ে থাকি।

**718 205 6050, 718 205 6055, 917 691 7721**

371673 Street. Suite 201 FR. Jackson Heights NY 11372

E-mail : karnafullytravel@yahoo.com, msalim@karnafullytravel.com

**Web: www.karnafullytravel.com**

**SmartTech**
**IT Solutions Inc.**

**We built your dream job in (IT)**

স্বপ্নের আমেরিকায় আই টি (IT) তে ক্যারিয়ার গড়তে Smart Tech এর সাথে যুক্ত থাকুন

salesforce

Learn Salesforce Without Coding

BECOME salesforce CERTIFIED ADMINISTRATOR & GET JOB WORLDWIDE

- Configuration & Setup
- Sales & Marketing Applications
- Data & Analysis Management
- Workflow & Process Automation

SALESFORCE ADMINISTRATOR

**Earn Yearly : 80K - 120K**

**Learn QA Test Engineer**

SDET
MANUAL &
AUTOMATION QA
JAVA
Selenium
SQL
API Testing...

আমাদের সেবা সমূহঃ
- সহজ ভাবে পড়ানো হয়
- রিজুমি প্রস্তুতি
- ইন্টারভিউ সাপোর্ট
- আফটার জব সাপোর্ট
- ইনপারসন এবং অনলাইন ক্লাস

**Ph: (917) 293-5724**
Email: smarttechemployee@gmail.com
www.smarttechitsolution.com
37-21 75 Street (3rd Floor) Jackson Heights, NY 11372



# হোমিও চিকিৎসা

জ্যাকসন হাইটস এর বাংলাদেশ প্লাজার নীচ তলায়



ডাঃ এফ হক
হোমিওপ্যাথিক কনসালট্যান্ট
DI. Hom (USA)
(Diploma in Homeopathy)

ব্যথা, পাইলস, গ্যাস্টিক, কিডনি ও প্রস্রাবের সমস্যা, যৌন ও চর্মরোগ সহ সব ধরনের জটিল রোগ।

**হোমিও ভিটামিন সেলিং সেন্টার**
**Homeo & Vitamin Selling Center**

এপয়েন্টমেন্ট এর জন্য কল করুন
**347-596-3111, 347-485-8020**

জ্যাকসন হাইটস্ অফিসঃ (বাংলাদেশ প্লাজা) (দুপুর ২টা থেকে রাত ৯টা পর্যন্ত)
৩৭-১৫ ৭৩ স্ট্রিট (Lower Level), জ্যাকসন হাইটস, নিউ ইয়র্ক।
ব্রুকলিন অফিসঃ (সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত)
৪৭৫ ম্যাকডোনালস্ এভিনিউ, (৩য় তলা), ব্রুকলিন, নিউ ইয়র্ক।



# আমেরিকায় স্থায়ীভাবে বসবাসের ব্যাপারে ফ্রি পরামর্শ

B1/B2 সহ অন্য যে-কোন নন-ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্বপরিবারে আমেরিকায় বসবাসের জন্য রয়েছে অনেক সুযোগ

- ব্যাবসায়ী ও কর্পোরেট প্রফেশনালদের জন্য আছে L1A বা E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- Small ইনভেস্টরদের জন্য আছে সহজেই অল্প বিনিয়োগে আমেরিকান franchise ক্রয়ের মাধ্যমে E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- বিপদগ্রস্থ পলিটিশিয়ান ও এন.জি.ও কর্মীদের জন্য পলিটিকাল এসাইলামের আবেদন করে ৬ থেকে ৮ মাসের মধ্যে সোশাল সিকিউরিটি ও ওয়ার্ক পারমিট সহ বসবাসের সুযোগ

স্বনামধন্য আমেরিকান Lawyer এর মাধ্যমে VISA/Case প্রসেস করে থাকি



Member of
FRANCHISE BROKER ACADEMY

FRANCHISE | L1A VISA | E2 VISA | POLITICAL ASYLUM

**Captor USA, Inc.**
Franchise & Business Consulting Firm
37 16 73rd street, Suite: 402, Jackson Heights, NY 11372.
Phone: +1 (718) 433 9001, +1 (718) 433 9002; Fax: +1 (718) 744 9590
Cell: (201) 456-3103, Email: captor.usa@gmail.com, iftekhar.cml@gmail.com


হটলাইন : +১ ৭১৮ ৪৩৩ ৯০০১
সপ্তাহে ৭ দিনই খোলা



# জন্ডিস নিয়ে যত বিভ্রান্তি!

অধ্যাপক ডা. ফারুক আহমেদ

জ্বরের মতো জন্ডিসও নিজে কোনো রোগ নয়। এটি মূলত কোনো রোগের উপসর্গ হিসাবে দেখা দেয়। মানুষের রক্তের অনেক উপাদানের মধ্যে একটি বিলিরুবিন। এর মাত্রা স্বাভাবিকের চেয়ে বেশি হলে এটি জমা হতে থাকে শরীরের বিভিন্ন কোষ-কলায়। তখন কোষ-কলার স্বাভাবিক রং পরিবর্তিত হয়ে হলুদাভ হয়ে যায়। ত্বক ও চোখের ঝিল্লি হলুদ রং ধারণ করলে তা দৃশ্যমান হয় এবং জন্ডিস হয়েছে বলে শনাক্ত করা হয়। জন্ডিস মূলত তিনটি কারণে দেখা দেয়




* হেপাটাইটিস বা যকৃতের প্রদাহ।
* পিত্তনালির ব্লক বা পিত্তরসের পথে বাঁধা।
* হিমোলাইসিস বা সময়ের আগেই লোহিত রক্তকণিকা ভেঙে যাওয়া।

জন্ডিস যে ধরনের বা যে কারণেই হোক না কেন, এটি সবসময়ই একটি গুরুতর উপসর্গ। ভাইরাস সংক্রমণ থেকে শুরু করে লিভার সিরোসিস বা ক্যানসারের মতো রোগের প্রাথমিক লক্ষণ হিসাবে দেখা দিতে পারে এ জন্ডিস।

** উপসর্গ

জ্বর, শারীরিক দুর্বলতা, পেটে ব্যথা, ক্ষুধামন্দা, বমিভাব বা বমি, চুলকানি, দ্রুত ওজন কমে যাওয়া, চোখ ও ত্বকের রং হলুদ হয়ে যাওয়া, প্রস্রাবের রং হলুদ হওয়া, মলের রং পরিবর্তন।

** আক্রান্ত হলে যা করবেন

ভাইরাস হেপাটাইটিসজনিত কারণে জন্ডিস সাধারণত দুই থেকে চার সপ্তাহের মধ্যেই সেরে যায়। কারণ এ সময়ে শরীরে বিলিরুবিনের পরিমাণ ব্যালেন্স হয়ে যায়। তবে বারবার জন্ডিস হওয়া মারাত্মক কোনো রোগকে ইঙ্গিত করে।

** যেসব বিষয় মেনে চলতে হবে

* সহজপাচ্য খাবার গ্রহণ করুন।
* বিশুদ্ধ পানি পান করুন এবং তরল খাবার খান।
* ভারি কাজ করা থেকে বিরত থাকুন।
* পর্যাপ্ত বিশ্রাম ও ঘুম নিশ্চিত করুন।
* চিকিৎসকের পরামর্শ ছাড়া অ্যান্টিবায়োটিক ও অন্যান্য ওষুধ সেবন থেকে বিরত থাকুন।
* সবসময় পরিষ্কার-পরিচ্ছন্ন পরিবেশে খাবার তৈরি করুন ও খান।
* শরীরে রক্ত নিতে হলে স্ক্রিনিং করে নিন।
* ডিসপোজেবল সিরিঞ্জ ছাড়া শরীরে কোনো ইনজেকশন নেবেন না।
* হেপাটাইটিস-বি ভাইরাসের ভ্যাকসিন নিশ্চিত করুন।
* অন্যের ব্যবহৃত ব্লেড, রেজর ব্যবহার করা

এরপর ৩৯ পৃষ্ঠায়



# চুল পড়ার কারণ ও প্রতিকারের উপায়

ডা. নুসরাত জাহান দৃষ্টি

চুল নিয়ে সমস্যায় অনেকে কমবেশি ভুগে থাকেন। এর মধ্যে প্রধান সমস্যা হলো চুল পড়া। চুল পড়া স্বাভাবিক প্রক্রিয়া। তবে, প্রতিদিন এ চুল পড়ার পরিমাণ যদি একশ থেকে দেড়শর বেশি হয়ে থাকে, সেই ক্ষেত্রে এটি অস্বাভাবিক। বিভিন্ন কারণে চুল পড়ে থাকে। যেমন- পুষ্টির অভাব, ক্রনিক কোমরবিড কন্ডিশন (দীর্ঘদিন ধরে রোগে আক্রান্ত), হরমোনের সমস্যা, মাথার ত্বকের সমস্যা, বংশগত কারণ, কেমোথেরাপি গ্রহণ করলে, গর্ভকালীন, অপর্যাপ্ত বিশ্রাম, অতিরিক্ত দুশ্চিন্তা ও অতিরিক্ত প্রসাধনীর ব্যবহার। চুল পড়ার ধরন নারী-পুরুষ উভয়ের ক্ষেত্রে কিছুটা ভিন্ন হতে পারে। অ্যান্ড্রোজেনিক অ্যালোপেসিয়ায় পুরুষদের ক্ষেত্রে প্যাটার্ন হেয়ার লস হয়। অর্থাৎ কপালের দুই পাশে চুল পড়ে যেতে থাকে। নারীদের ক্ষেত্রে কপালের ঠিক মাঝ বরাবর চুল পড়ে যেতে পারে।

* কী করবেন

চুল আঁচড়ানোর ক্ষেত্রে কিছু নিয়ম মেনে চলা উচিত। যেমন-সামনে থেকে পেছনে উঁচু করে চুল না নিয়ে, যদি ওপর থেকে নিচে বা পেছন থেকে সামনে চুল আঁচড়ানো হয়, তাহলে চুল পড়া কমে যেতে পারে। ভেজা মাথা বাঁধবেন না। ভেজা মাথায় কাপড় পেঁচিয়ে রাখবেন না। চুল পড়া রোধ করতে হলে অবশ্যই যেসব কারণে চুল পড়ে, সেই কারণগুলোকে প্রতিরোধ করতে হবে। যেমন-

* অপুষ্টির কারণে চুল পড়ে থাকলে সেই ক্ষেত্রে অবশ্যই শারীরিক চাহিদা অনুযায়ী পরিমিত ও সুষম খাদ্য গ্রহণ করা উচিত।
* অনেকদিন ধরে যদি এমন কোনো ওষুধ খাওয়া হয়ে থাকে, যার কারণে চুল পড়তে পারে। সেই ওষুধ চিকিৎসকের পরামর্শে বন্ধ করা যায় কি না দেখতে হবে।
* হরমোনের তারতম্য হলে চুল পড়ার প্রবণতা বাড়ে। এ ক্ষেত্রে চিকিৎসকের পরামর্শ অনুযায়ী চিকিৎসাসেবা গ্রহণ করা উচিত।

এরপর ৩৯ পৃষ্ঠায়

# পিত্তথলি আর পিত্তনালির পাথর হলে করণীয়

ডা. মুহাম্মদ সায়েদুল আরেফিন



জনসাধারণের মধ্যে অত্যন্ত পরিচিত একটি অসুখের নাম পিত্তথলির পাথর। পিত্তথলির পাথর ছাড়াও আরো অনেক গুরুত্বপূর্ণ অসুখের মধ্যে পিত্তথলির ক্যান্সার অন্যতম।

পিত্ত কোথায় তৈরি হয়, এর কাজই বা কী?

পিত্ত লিভারে তৈরি হয়। এরপর তা হেপাটিক ডাক্ট নামের নালিপথ বেয়ে পিত্তথলিতে জমা হয়। অন্যদিকে পাকস্থলী পার হয়ে খাবার (বিশেষত চর্বিজাতীয় খাবার) যখন ডিওডেনামে আসে তখন পিত্তথলিতে জমে থাকা পিত্ত, পিত্তনালিবাহিত হয়ে ডিওডেনামে আসে এবং খাবারকে হজম করে।

পিত্তথলির পাথর কেন হয়?

পিত্ত তৈরি হয় মূলত কোলেস্টেরল ও বাইল এসিডের সমন্বয়ে। এই বাইল এসিড পিত্তকে দ্রবীভূত করে রাখে। কোনো কারণে যদি পিত্তে কোলেস্টেরলের মাত্রা বাইল এসিডের মাত্রার চেয়ে বেশি থাকে অথবা লিভার থেকে বাইল এসিড কম পরিমাণে নিঃসৃত হয় তখন কোলেস্টেরল আর দ্রবীভূত অবস্থায় থাকতে পারে না এবং তখনই পিত্তথলিতে পাথর তৈরি হয়।

কাদের ঝুঁকি বেশি?

সাধারণত মহিলা, চল্লিশোর্ধ, স্থুলকায় মানুষ, থ্যালাসেমিয়াজাতীয় হিমোলাইটিক বা রক্ত কোষ ভেঙে যাওয়ার অসুখ আছে যাদের, দুর্ভিক্ষ বা অন্য কোনো কারণে দীর্ঘদিন অনাহারে থাকলে এবং গর্ভাবস্থায় পিত্তথলি ও পিত্তনালির পাথর হওয়ার ঝুঁকি বেশি থাকে।

পিত্তথলি ও পিত্তনালির অসুখ কি একই?

পিত্তথলি ও পিত্তনালিতে পাথর হওয়ার প্রক্রিয়া একই। অনেক সময় পিত্তথলির পাথর গড়িয়ে এসে পিত্তনালিতে

এরপর ৪৯ পৃষ্ঠায়



# তীব্র গরমে যেসব চর্মরোগ হতে পারে, প্রতিরোধে যা করবেন

ডা. দিদারুল আহসান

গরমে ঘামাচির পরই ছত্রাকজনিত চর্মরোগ বেশি হতে দেখা যায়। ঘাম ও ভেজা শরীর ছত্রাক জন্মানোর জন্য উপযোগী। যারা এয়ারকুলার ব্যবহার করেন এবং পরিষ্কার-পরিচ্ছন্নতা সম্পর্কে সচেতন, তাদের এ রোগটি সাধারণত হয় না।

ছত্রাকজনিত চর্মরোগ প্রধানত তিনটি- দাউদ, ছুলি ও ক্যানডিডিয়াসিস। এ ছত্রাক প্রজাতির সবই ত্বকের বাইরের অংশকে আক্রমণ করে।

ত্বকে গোলাকার চাকার মতো দাগ হচ্ছে দাউদ। মধ্যখানের চামড়া স্বাভাবিক গোল দাগের পরিধিতে ছোট ছোট গোটা দেখা যায়, চুলকালে সেখান থেকে কষ ঝরতে থাকে। মাথা, হাত-পা ও নখে এ দাউদ হতে পারে।

এরপর ২০ পৃষ্ঠায়

# কিভাবে বুঝবেন আপনার শিশুটি কিডনি রোগে আক্রান্ত?

অধ্যাপক ডা. প্রণব কুমার চৌধুরী



শিশুরাও অনেক ক্ষেত্রে কিডনি রোগে আক্রান্ত হয়। কিডনি রোগের উপসর্গ জেনে রাখলে দ্রুত শিশুর চিকিৎসা করানো সম্ভব। কিডনি মূলত শরীরের ছাঁকনি হিসেবে কাজ করে। দেহ থেকে সব বর্জ্য পদার্থ ও তরল নিকাশন করে শরীরের জন্য প্রয়োজনীয় উপাদান দেহ জলভাগে যোগান দেয়। এটির গুরুত্বপূর্ণ কাজের মধ্যে আছেরক্তচাপ নিয়ন্ত্রণ, লোহিত কণিকা উৎপাদন, অ্যামোনিয়া তৈরি।

বিভিন্ন বয়সে ভিন্ন ভিন্নভাবে কিডনি রোগে ভোগে শিশু

নবজাতক : কিডনি ও মূত্রতন্ত্রের নানা জন্মগতত্রুটি দেখা যায়। গর্ভাবস্থায় মায়ের আলট্রাসাউন্ড পরীক্ষায় এসবের অনেকগুলো ধরা পড়ে।

১-৩ বছর বয়সে : শিশুর একনাগাড়ে জ্বর, যার অন্য কারণ দেখা যাচ্ছে না।

মূত্রতন্ত্রের ইনফেকশন বা ইউটিআইয়ের জন্য এটা হতে পারে। এর সঙ্গে শিশুর ওজন না বাড়া, ডায়রিয়া, বমি-এসব উপসর্গ থাকতে পারে।

৩-৬ বছর বয়সে : নেফ্রোটিক সিনড্রোম এ বয়সে কিডনির প্রধান অসুখ। প্রথমে মুখে ও চোখের পাতায় ফোলা শুরু হয়ে তিন থেকে পাঁচ দিনের মাথায় তার সারা শরীরে পানি আসে।

৬-১৪ বছর বয়সে : স্কুলগামী শিশু খোস-পাঁচড়া বা গলা ব্যথায় আক্রান্ত হওয়ার দু-তিন সপ্তাহ পর সারা শরীরে তীব্র ফোলা নিয়ে হাজির হয়। প্রস্রাব লাল রঙের হয়, রক্তচাপ বেড়ে যায়।

শিশুদের কিডনি রোগের গুরুত্বপূর্ণ উপসর্গ

* শরীর ফোলা (মুখমণ্ডল/ পা/ সারা শরীর) : কিডনি রোগে মুখমণ্ডল সাধারণত প্রথমে ফোলে।
* প্রস্রাবের পরিমাণ কমে যাওয়া।
* প্রস্রাব বন্ধ হয়ে যাওয়া, ১২ ঘণ্টা পর্যন্ত প্রস্রাব না হওয়া।
* প্রস্রাবের অস্বাভাবিক রং যেমনড়ালচে, গাঢ় লাল, কোকা-কোলার মতো দেখতে।
* ঘন ঘন প্রস্রাব করা।
* প্রস্রাবে অস্বাভাবিক দুর্গন্ধ, জ্বালাপোড়া।
* সর্দিকাশি ছাড়া কিছুদিন পর পর জ্বর হওয়া।
* প্রস্রাবে জ্বালাপোড়ার সঙ্গে পেট ব্যথা, বমি, জ্বর ইত্যাদি।
* উচ্চ রক্তচাপ।
* তিন মাসের বেশি ক্ষুধামান্দ্য, শারীরিক দুর্বলতা, রক্তস্বল্পতা।
* বয়স অনুপাতে শারীরিক বৃদ্ধি না হওয়া।
* জন্মের পর থেকে এক ধারায় প্রস্রাব না করা বরং ফোঁটা ফোঁটা প্রস্রাব করা।
* প্রস্রাবের সময় অতিরিক্ত কান্নাকাটি করা।

চিকিৎসা

শিশু বয়সে এসব উপসর্গ দেখা দিলে চিকিৎসকের

এরপর ৪৯ পৃষ্ঠায়

Learn and Start a Career in Tech.

Earn $90k to $115k Annually.
Job Placement Assistance Available

EAT
EXPERT AUTOMATION TEAM

646-321-7507 | 646-262-0268
info@expertautomationteam.com
www.ExpertAutomationTeam.com

QA Automation with Java Selenium

QA Automation with Python Selenium

QA Automation with Cypress JavaScript

QA Automation with API Testing

QA Automation with Performance Testing

DevTangle

Fullstack IT Solutions and Digital Marketing Agency

Do you have an online presence? Would having additional business revenue help?

Contact Us Today.

646-321-7507
ask@devtangle.com
www.DevTangle.com

Custom Web Development

Custom Software Development

Mobile App Development

UI/UX Design

Tech Consulting and Strategy

Digital Marketing



# ‘আলহামদুলিল্লাহ’ সর্বোত্তম দোয়া

মুস্তাফিজ বিন হাবিবুল্লাহ




‘আলহামদুলিল্লাহ’-এটি মূলত একটি স্বতন্ত্র বাক্য। পবিত্র কুরআনে এ বাক্যটি সর্বমোট ২১ বার উল্লেখিত হয়েছে। পবিত্র কুরআনের শুরু হয়েছে আলহামদুলিল্লাহ শব্দ দিয়ে।

মুসলিমরা তাদের প্রতিপালকের মাহাত্ম্য-মহিমা, শ্রেষ্ঠত্ব-মর্যাদা বর্ণনা ও প্রশংসার জন্য এ বাক্যটিকে মুখে উচ্চারণ করে থাকেন। আল্লাহতায়ালার মাহাত্ম্য বর্ণনা ও প্রশংসার জন্য আলহামদুলিল্লাহর চেয়ে উত্তম বাক্য আর নেই। ‘জাবির ইবনি আবদুল্লাহ (রা.) থেকে বর্ণিত তিনি বলেন, আমি রাসূলকে বলতে শুনেছি, সর্বোত্তম জিকর হলো ‘লা ইলাহ ইল্লাল্লাহ’ আর সর্বোত্তম দোয়া হলো ‘আলহামদুলিল্লাহ’। (তিরমিজি : ৩৩৮৩)।

অন্য এক হাদিসে আল্লাহর রাসূল (সা.) বলেন, ‘আল্লাহর কাছে চারটি বাক্য প্রিয়, সুবহানাল্লাহ, আলহামদুলিল্লাহ, লা-ইলাহা ইল্লাল্লাহ, আল্লাহু আকবার।’ (মুসলিম)। মহানবি (সা.) আরও বলেছেন, ‘আলহামদুলিল্লাহ আমলের পাল্লা পূর্ণ করে দেয়। আর সুবহানাল্লাহ ও আলহামদুলিল্লাহ শব্দ দুটি আসমান ও জমিনের খালি জায়গা পূর্ণ করে দেয়।’ (মুসলিম)।

রাসূল (সা.) বলেছেন, ‘যদি আমার কোনো উম্মতকে পুরো দুনিয়া দিয়ে দেওয়া হয় আর সে আলহামদুলিল্লাহ বলে তাহলে এ শব্দ পুরো দুনিয়া থেকে উত্তম। অর্থাৎ, পুরো পৃথিবী পেয়ে যাওয়া এত বড় নেয়ামত নয়, যা আলহামদুলিল্লাহ বলার মধ্যে রয়েছে। কারণ এ পৃথিবী একদিন ধ্বংস হয়ে যাবে, কিন্তু আলহামদুলিল্লাহর সওয়াব থেকে যাবে। মানুষের দেহের বাইরে ভোগ্য-অভোগ্য, দৃশ্যমান-অদৃশ্যমান অসংখ্য নিয়ামত, যা মূলত মহান আল্লাহরই মহা-অনুগ্রহ, মহাদান। এসব নিয়ামতের বেশির ভাগ মানুষ আল্লাহর কাছে চায়, আবার কোনোটি না চাইলেও মহান রব তার বান্দাদের আপন অনুগ্রহে দান করেন। আল্লাহতায়ালা বলেন, ‘যেসব বস্তু তোমরা চেয়েছ, তার প্রত্যেকটি থেকেই তিনি তোমাদের দিয়েছেন। যদি আল্লাহর নিয়ামত গণনা কর, তবে গুনে শেষ করতে পারবে না। নিশ্চয়ই মানুষ অত্যন্ত অন্যায়কারী, অকৃতজ্ঞ।’ সূরা ইবরাহিম : ৩৪।

একজন মানুষ আল্লাহতায়ালার কী পরিমাণ নেয়ামত ভোগ করে তা কল্পনারও বাইরে। সুস্থ দেহ, সুস্থ অঙ্গপ্রত্যঙ্গ, সুস্থ মন, সুস্থ পরিবেশ-সবকিছুই তাঁর নেয়ামত। সামান্য অসুস্থতায় আক্রান্ত হলেই বুঝে আসে এ নেয়ামতের মর্ম। উঠতে-বসতে, নিদ্রা-জাগরণে, ঘরে-বাইরে সর্বত্রই আমরা তাঁর নেয়ামতের সাগরে ডুবে আছি সর্বক্ষণ। তাই প্রতিদিনকার প্রতিটি পদক্ষেপে রাসূল (সা.) আমাদের শিখিয়ে গেছেন আল্লাহর নেয়ামতের কৃতজ্ঞতা সংবলিত বিভিন্ন দোয়া। আর এ দোয়াগুলো শুরু হয়েছে ‘আলহামদুলিল্লাহ’ বাক্য দিয়ে।

ভোরে ঘুম থেকে জাগার পর পড়ি ‘আলহামদু লিল্লাহিল লাজি আহইয়ানা বা’দা মা আমাতানা ওয়া ইলাইহিন নুশুর।’ অর্থ : ‘সব প্রশংসা ওই আল্লাহর জন্য, যিনি মৃত্যুর পর আমাদের জীবন দান করেছেন এবং তার দিকেই আমাদের পুনরুত্থান।’ (সহিহ বুখারি : ৩১১২)। খাবার খাওয়ার শেষে পড়ি ‘আলহামদু লিল্লাহিল্লাজি আতআমানা, ওয়াসাকানা, অজাআলানা মুসলিমিন’। অর্থ : ‘সব প্রশংসা আল্লাহর জন্য, যিনি আমাদের খাইয়েছেন, পান করিয়েছেন এবং মুসলিম বানিয়েছেন।’ (আবু দাউদ, হাদিস : ৩৮৫০)।

এভাবে আলহামদুলিল্লাহ শব্দের আগে পরে বিভিন্ন শব্দ সমন্বয়ে আল্লাহর শুকরিয়ার বিভিন্ন দোয়া রয়েছে হাদিসে। যার মর্মার্থ হলো-সব কিছুতে আল্লাহর শুকরিয়া করা বান্দার উচিত এবং এতেই আল্লাহতায়ালা এরপর ২৮ পৃষ্ঠায়

# শাওয়াল মাসের ৬ রোজা

মুহাম্মাদ মাহতাব হোসাইন মাজেদ

রহমতের মাস ‘রমজান’ আমাদের মাঝ থেকে চলে গেল। প্রতিটি ধর্মপ্রাণ মুসলমান মাত্রই ১২ মাসের মধ্যে এ রমজান মাসের জন্য অপেক্ষা করেন। কারণ এ মাসের রহমত আর বরকতের পরিমাণ বহুগুণ বেশি। তাছাড়া রোজার পুরস্কার আল্লাহতায়ালা নিজ হাতে প্রদান করবেন। হাদিসে আছে ‘সিয়াম আমারই জন্য এবং এর পুরস্কার আমি নিজেই দান করব।’ (সহিহ বুখারি)। এক মাসে রোজা রাখার উপহারস্বরূপ আল্লাহতায়ালা আমাদের এত নেয়ামত দেবেন। তাহলে একবার চিন্তা করুন তো, রোজা রাখার কারণে যে ফজিলত ও রহমত আমরা পাই, সেটা যদি বাকি ১১ মাসে পাওয়া যেত, তাহলে কতই না ভালো হতো। কিন্তু ৩৬৫ দিন রোজা রাখা আমাদের পক্ষে সম্ভব না, তাছাড়া আল্লাহ কাউকে তার সাধ্যাতীত কোনো কাজের ভার দেন না। কুরআনে আছে, ‘আল্লাহ তোমাদের থেকে (বিধান) সহজ করতে চান, আর মানুষকে সৃষ্টি করা হয়েছে দুর্বল করে।’ (সূরা নিসা : ২৮)। তাই মন খারাপ বা হতাশ হওয়ার কিছু নেই। রাসূল (সা.)-এর সহজ সমাধান আমাদের দিয়ে গেছেন।

আরবি চান্দ্র বছরের দশম মাস শাওয়াল। হজের মাসের একটিও এ মাস। এ মাস থেকেই হজের উদ্দেশ্যে মুসলিম উম্মাহ পবিত্র নগরী মক্কায় গমন শুরু করেন। এ মাসের প্রথম পবিত্র ঈদুল ফিতর হওয়ায় এ মাসের আমলের বরকতও অনেক বেশি। মহান আল্লাহ মানব জাতিকে সৃষ্টি করেছেন একমাত্র তাঁরই ইবাদতের জন্য। আল্লাহতায়ালা বলেছেন, ‘আমি জিন ও মানবজাতিকে একমাত্র আমারই ইবাদতের জন্য সৃষ্টি করেছি।’ (সূরা জারিয়াত, আয়াত : ৫৬)। আল্লাহতায়ালার একান্ত ইচ্ছা তাঁর প্রত্যেক বান্দা তাঁর ইবাদত সম্পন্ন করার মাধ্যমে ইহ ও পরকালীন জীবনকে সুন্দরভাবে এরপর ৩৯ পৃষ্ঠায়





# গোপন পাপ রাখুন গোপনে

মুহাম্মদ মনজুর হোসেন খান

‘ভুল-শুদ্ধ, পাপ-পুণ্য, ন্যায়-অন্যায় মিলিয়েই মানুষ। মানুষ ভুল করবেই। ভুল করাটাই মানুষের বৈশিষ্ট্য। প্রথম মানব আদম (আ.) থেকে শুরু করে পৃথিবীর সব মানুষের দ্বারাই ভুলচুক হয়েছে। পাপের পথে জীবনে কখনো না কখনো সব মানুষেরই পা পিয়েছে।

